গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪।

নং-১০.০০.০০০০.১২৮.১৬.০০৫.১৪-২৪২ তারিখঃ ২৯-০৩-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ, ঢাকা-এ বিচারাধীন মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ (রমনা মডেল থানা নং-০৮, তারিখঃ- ০৩/০৭/২০০৮ খ্রিঃ) এর বিচার কার্যক্রম পরিচালনার জন্য এজলাস স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা-এ বিচারাধীন ঢাকাস্থ মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ এর বিচার কার্যক্রম মেট্রোপলিটন দায়রা জজ আদালত ভবন, ঢাকা এর পরিবর্তে ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারী আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হবে মর্মে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে। যা প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ গেজেটের কপি।

২৯/০৩/১৭
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৪১৬

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ, ঢাকা/মহানগর দায়রা জজ, ঢাকা/মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।
৪. বিচারক, বিশেষ জজ আদালত-৩, ঢাকা।
৫. আই, জি, প্রিজন, কেন্দ্রীয় কারাগার, ঢাকা।
৬. সি,এম,এম, ঢাকা / সি,জে,এম, ঢাকা।
৭. জেলা প্রশাসক, ঢাকা।
৮. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা।
৯. পুলিশ সুপার, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১. উপ-পুলিশ কমিশনার, প্রসিকিউশন, ঢাকা।
১২. সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪. পিপি, জেলা ও দায়রা জজ, ঢাকা /পিপি, মহানগর দায়রা জজ, ঢাকা।
১৫. স্পেশাল পিপি, বিশেষ জজ আদালত-৩, ঢাকা।
১৬. সভাপতি, ঢাকা আইনজীবী সমিতি, ঢাকা।
১৭. সাধারণ সম্পাদক, ঢাকা আইনজীবী সমিতি,ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৪।

## প্রজ্ঞাপন

তারিখ : ১৫ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২৯ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং-৬৯-আইন/২০১৭।**—ঢাকাস্থ মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ (যা বিশেষ জজ আদালত নং-৩, ঢাকা এ বিশেষ মামলা নং- ০৩/২০১০ হিসাবে বিচারাধীন ছিল), যা রমনা মডেল থানা মামলা নং-৮, তারিখ ০৩-০৭-২০০৮, Section 409, 109 of Penal Code এবং Prevention of Corruption Act, 1947 under section 5(2) যা জিয়া অরফানেজ ট্রাস্টের টাকা আত্মসাৎ সংক্রান্ত, মেট্রোপলিটন দায়রা জজ আদালত ভবনে অবস্থিত মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা এ বিচারাধীন; উক্ত ভবনে বহু সংখ্যক আদালতের বিচার কার্যক্রম পরিচালিত হওয়ায় উক্ত ভবন এবং এলাকাটি আদালত চলাকালীন সময়ে জনাকীর্ণ থাকে। বিধায়, নিরাপত্তা জনিত কারণে Code of Criminal Procedure, 1898(Act.V of 1898) এর Section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ, ঢাকা এ বিচারাধীন মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ এর বিচারকার্যক্রম পরিচালনা করার জন্য ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারী আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত ভবনটিকে (যাহা বিডিআর হত্যাকান্ড মামলার অস্থায়ী আদালত ছিল) অস্থায়ী আদালত হিসেবে ঘোষণা করিল এবং এতদ্দ্বারা নির্দেশ প্রদান করিল যে, মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ, ঢাকা এ বিচারাধীন মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ এর বিচারকার্যক্রম ঢাকা মহানগরের বকশীবাজার এলাকার সরকারী আলীয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত উক্ত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিকাশ কুমার সাহা
যুগ্ম-সচিব(প্রশাসন-১)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



মূল্য ঃ টাকা ৪.০০